

■■ সহীহ বুখারী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৬০৫৩ [আন্তর্জাতিক নাম্বারঃ ৬৪৯৭]
৬৮/ কোমল হওয়া (كتاب الرقاق)
পরিচ্ছেদঃ ২৭১৭. আমানতদারী উঠে যাওয়া

باب رَفْعِ الأَمَانَةِ

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بِنُ كَثِيرٍ، أَخْبِرَنَا سُفْيَانُ، حَدَّثَنَا الْأَعْمَشُ، عَنْ زَيْدِ بِنِ وَهْب، حَدَّثَنَا حُدَيْفَةُ، قَالَ حَدَّثَنَا "أَنَّ الْأَمَانَةَ نَرَلَتْ فِي جَدْرِ قُلُوبِ الرِّجَالِ، ثُمَّ عَلِمُوا مِنَ الْقُرْآنِ، ثُمَّ عَلِمُوا لِلَاّ عَنْ رَفْعِهَا قَالَ " يَنَامُ الرَّجُلُ النَّوْمَةَ فَتُقْبَضُ الأَمَانَةُ مِنْ قَلْبِهِ، فَيَظَلُّ مِنَ السُّنَّةِ ". وَحَدَّثَنَا عَنْ رَفْعِهَا قَالَ " يَنَامُ الرَّجُلُ النَّوْمَةَ فَتُقْبَضُ الْأَمَانَةُ مِنْ قَلْبِهِ، فَيَظَلُّ أَثُرُ الْوَكْت، ثُمَّ يَنَامُ النَّوْمَةَ فَتُقْبَضُ فَيَبْقَى أَثُرُهَا مِثْلَ الْمَجْلِ، كَجَمْرٍ دَحْرَجْتَهُ عَلَى رِجْلِكَ فَنَفِطَ، فَتَرَاهُ مُنْتَبِرًا، وَلَيْسَ فِيهِ شَيْءٌ، فَيُصْبِحُ النَّاسُ يَتَبَايَعُونَ فَلاَ يَكَادُ أَحَدٌ يُؤَدِّي الأَمَانَةَ، فَيُقَالُ إِنَّ فِي بَنِي فُلانِ رَجُلاً أَمِينًا. ويُقَالُ لِلرَّجُلِ مَا أَعْقَلُهُ وَمَا أَطْرَفَهُ وَمَا أَجُدُدُ. وَمَا فِي قَلْبِهِ مِثْقَالُ إِنَّ فِي بَنِي فُلانِ رَجُلاً أَمِينًا. ويُقَالُ لِلرَّجُلُ مَا أَعْقَلُهُ وَمَا أَبْالِي أَيْكُمْ عَلَى وَمَا فِي قَلْهِ مِثْقَالُ إِنَّ فِي بَنِي قُلْنَ إِيمَانٍ، ويُقَالُ لِلرَّجُلُ مَا أَعْقَلُهُ وَمَا أَبْالِي أَيْكُمْ الْمَعْنَ لَئِنْ كَانَ مُسْلِمًا رَدَّهُ الْإِسْلاَمُ، وَإِنْ كَانَ نَصْرَانِيًّا رَدَّهُ عَلَىَّ سَاعِيهِ، فَأَمَّا الْيَوْمُ فَمَا كُنْتُ أُبْلِي لِلرَّهُ عَلَى الْمَعْنَ أَبُا عَبْد اللَّهِ فَقَالَ الْمَعْمُ وَمَا أَبُولُ الْقَرْبُونِ الرِّحُولُ الْمَالُ مِنْ كُلِّ شَيْءٍ وَالْوَكْتُ أَبُو الْسَعْمِ وَلَّهُولُ اللَّهُ وَلَا الْأَصْمُ وَلَا الْأَصْمُ وَلَا أَلُولُ الْقَوْلُ اللَّهُ وَلَا أَلُولُ الْمَحْلُ فَي الْمُولُ إِنْ كَانَ عَمْرُولُ مَلْ عَنْ لَلْ الْمُ الْمَعْمُلِ فِي الْمُولُ إِنْ الْمُولُ أَنْ الْعَمَلِ فِي الْمُعُولُ إِذَا غَلُظَ.

বাংলা

৬০৫৩। মুহাম্মাদ ইবনু কাসীর (রহঃ) ... হুযায়ফা (রাঃ) বর্ননা করেন। তিনি বলেনঃ রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাদের কাছে দু'টি হাদীস বর্ণনা করেছেন। একটি তো আমি প্রত্যক্ষ করেছি এবং দ্বিতীয়টির জন্য অপেক্ষা করছি। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাদের কাছে বর্ণনা করেছেন যে, আমানত মানুষের অন্তর্মুলে অধোগামী হয়। তারপর তারা কুরআন থেকে জ্ঞান অর্জন করে। এরপর তারা নবী সাল্লাল্লাহু আলাইহি



ওয়াসাল্লাম থেকে জ্ঞান অর্জন করে। আবার বর্ণনা করেছেন আমানত তুলে নেয়া সম্পর্কে, যে ব্যাক্তিটি (ঈমানদার) এক পর্যায়ে ঘূমালে পর, তার অন্তর থেকে আমানত তুলে নেয়া হবে, তখন একটি বিন্দুর মত চিহ্ন অবশিষ্ট থাকবে। পুনরায় ঘূমাবে। তখন আবার উঠিয়ে নেয়া হবে।

অতঃপর তার চিহ্ন ফোস্কার মত অবশিষ্ট থাকবে। তোমার পায়ের উপর গড়িয়ে পড়া অঙ্গার সৃষ্ট চিহ্ন, যেটিকে তুমি ফোলা মনে করবে, অথচ তার মধ্যে আদা কিছু নেই। মানুষ কারবার করবে বটে, কেউ আমানত আদায় করবে না। তারপর লোকেরা বলাবলি করবে যে, অমূক বংশে একজন আমানতদার লোক রয়েছে। সে ব্যক্তি সম্পর্কে মন্তব্য করা হবে যে, সে কতই না বুদ্ধিমান, কতই না বিচক্ষণ, কতই না বাহাদুর? অথচ তার অন্তরে সরিষার দানা পরিমাণ ঈমানও থাকবে না। (বর্ণনাকারী বলেন) আমার উপর এমন এক যামানা অতিবাহিত হয়েছে যে, আমি তোমাদের কারো সাথে বেচাকেনা করলাম, সেদিকে ভ্রুক্ষেপ করতাম না। কারণ সে মুসলিম হলে ইসলামই আমার হক ফিরিয়ে দেবে। আর সে নাসরানী হলে তার শাসকই আমার হক ফিরিয়ে দেবে। অথচ বর্তমানে আমি অমুক অমুককে ছাড়া বেচাকেনা করি না।

English

Narrated Hudhaifa:

Allah's Messenger (ﷺ) narrated to us two narrations, one of which I have seen (happening) and I am waiting for the other. He narrated that honesty was preserved in the roots of the hearts of men (in the beginning) and then they learnt it (honesty) from the Qur'an, and then they learnt it from the (Prophet's) Sunna (tradition). He also told us about its disappearance, saying, "A man will go to sleep whereupon honesty will be taken away from his heart, and only its trace will remain, resembling the traces of fire. He then will sleep whereupon the remainder of the honesty will also be taken away (from his heart) and its trace will resemble a blister which is raised over the surface of skin, when an ember touches one's foot; and in fact, this blister does not contain anything. So there will come a day when people will deal in business with each other but there will hardly be any trustworthy persons among them. Then it will be said that in such-and-such a tribe there is such-and-such person who is honest, and a man will be admired for his intelligence, good manners and strength, though indeed he will not have belief equal to a mustard seed in his heart." The narrator added: There came upon me a time when I did not mind dealing with anyone of you, for if he was a Muslim, his religion would prevent him from cheating; and if he was a Christian, his Muslim ruler would prevent him from cheating; but today I cannot deal except with so-and-so and so-and-so.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ ইসলামিক ফাউভেশন 🛘 বর্ণনাকারীঃ হুযায়ফাহ ইবন আল-ইয়ামান (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন